তারিখ 26 MAY 2015
পৃষ্ঠা ৩ কলাম ১

যুগান্তর

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে রেজাল্টের ভিত্তিতে অনার্সে ভর্তি

## ১ অক্টোবর ভর্তি কার্যক্রম শুরু

যুগান্তর রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ে আর কোনো ভর্তি পরীক্ষা হবে না। এসএসসি ও এইচএসসির ফলের রেজাল্টের ভিত্তিতে প্রথম বর্ষ অনার্সে শিক্ষার্থী ভর্তি করা হবে। আগামী শিক্ষাবর্ষের (২০১৫-১৬) ভর্তি কার্যক্রম ৪ মাস এগিয়ে ১ অক্টোবর শুরু হবে। ক্লাস শুরু হবে ১ ডিসেম্বর। আর ডিগ্রি প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে নভেম্বরের মধ্যে। সোমবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৮২তম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সরকারি ও বেসরকারি কলেজের অধ্যক্ষসহ বিশ্ববিদ্যালয়ের ডিনদের নিয়ে এ একাডেমিক কাউন্সিল গঠিত। এতে মোট ৪৩ জন সদস্য রয়েছেন। তাদের মধ্যে ৩৩ জনের উপস্থিতিতে উল্লিখিত সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। এ বিষয়ে জানতে চাইলে ভিসি যুগান্তরকে বলেন, 'সাধারণত আমরা সব বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম শেষ হয়ে যাওয়ার পর জানুয়ারির দিকে ভর্তি কার্যক্রম শুরু করি আর ক্লাস শুরু করতে মার্চ-এপ্রিল লেগে যায়। এর ফলে ৯-১০ মাসের সেশন জট নিয়ে এ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন শুরু হয়। এ কারণে এবার আমরা অক্টোবরে ভর্তি কার্যক্রম শুরু করে ১ ডিসেম্বর ক্লাস শুরু করব। তবে এরপরও শিক্ষার্থীদের ৫ মাসের সেশন জট মাথায় নিয়ে উচ্চশিক্ষার জীবন শুরু করতে হবে।'

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি ড. আসলাম ভূঁইয়া ও ড. মুনাজ আহমেদ নূর, কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ, ইউআইটিএস'র প্রোভিসি অধ্যাপক ড. কেএম সাইফুল ইসলাম খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গাজী সালেহ উদ্দিন; ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এসএম মাহফুজুর রহমান, ছাড়াও বিভিন্ন সরকারি-বেসরকারি কলেজের প্রধানরা উপস্থিত ছিলেন।

সূত্র জানায়, সভায় প্রথমবারের মতো ডিগ্রি প্রথম বর্ষের ভর্তি কার্যক্রমও এগিয়ে আনা হয়েছে। নভেম্বরে ভর্তি কার্যক্রম শুরুর পর ১ জানুয়ারি ক্লাস

ভর্তি : পৃষ্ঠা ১৫ : কলাম ১

## ভর্তি : অনার্সে

(৩য় পৃষ্ঠার পর)

শুরু করা হবে। আর ভর্তি এসএসসি-এইচএসসির ফল বা গ্রেডিংয়ের ভিত্তিতে হবে। এ ক্ষেত্রে কোনো পরীক্ষা নেয়া হবে না। এ লক্ষ্যে কম্পিউটার সফটওয়্যার তৈরি করা হবে। সভায় গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে দেড় বছর মেয়াদি 'মাস্টার অব অ্যাডভান্সড স্ট্যাডিজ ইন লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স' বিষয়ে স্পেশাল মাস্টার্স ডিগ্রি প্রোগ্রাম চালুর সিদ্ধান্ত হয়।